

# Collective Noun

1. Our **team** has won the match.
2. Don't make a noise in the **meeting**.
3. He is a member of the **Committee**.
4. An **army** was sent to the field.
5. We have a rich **library**.

উপরিউক্ত বাক্যগুলোতে team **meeting**, committee, army, library— এগুলো Collective Noun. Team' বলতে কোনো একজন খেলোয়াড়কে না বুঝিয়ে, সব খেলোয়াড়ের সহযোগে গঠিত একটি দল বা Team কে বুঝায়। 'meeting' বলতে উপস্থিত সব মানুষকে বুঝায়, 'Committee' বলতে কমিটির সব সদস্যকে বুঝায়, 'Army' বলতে একটি সৈন্যদলের সব সৈন্যকে বুঝায় এবং 'Library' বলতে library-এর সব বই একসঙ্গে বুঝিয়ে থাকে। সুতরাং এসব শব্দের প্রত্যেকটিই Collective Noun !

সংজ্ঞা : যে Noun দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুকে আলাদা আলাদাভাবে না বুঝিয়ে তাদের সমষ্টিকে বুঝায়, তাকে Collective Noun বা সমষ্টি বাচক বিশেষ্য বলে।

[A Collective Noun is the name of a group of persons or things taken together.] আবার, **Collective Noun**-কে যদি সামগ্রিকভাবে না বুঝিয়ে প্রত্যেককে আলাদা আলাদাভাবে বুঝায় তাহলে তাকে Noun of Multitude বলে।

যেমন — The **jury** were divided in their opinions.

**Note:** Collective Noun-এর পর Verb সর্বদা Singular হয়।

Edited by

**Md. Kamrul Islam Shakil**

Asst. Teacher in English

Daffodil International School